



...
(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd



স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০৪৯.১৮.৬৫৪

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭

০৩ আগস্ট ২০২০

বিষয়: জেলা প্রশাসনের উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে শিক্ষার্থীদের অংশগ্রহণে অনলাইন রচনা, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে সারাদেশে বিভিন্ন কর্মসূচি পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসন, সিলেট-এর উদ্যোগে ভারুয়াল পদ্ধতিতে শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা হবে। উক্ত প্রতিযোগিতাসমূহের বিষয়বস্তু এবং সময়সূচি নিম্নে উল্লেখ করা হলো।

ক্রমিক	প্রতিযোগিতার ধরণ	প্রতিযোগিতার বিষয়	যেসকল শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে	জমা দেয়ার সময়/প্রতিযোগিতার সময়	সংশ্লিষ্ট ইমেইল/ লিংক এড্রেস	মন্তব্য
১	রচনা প্রতিযোগিতা	যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশ ও বঙ্গবন্ধুর নেতৃত্ব	একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী	১২ আগস্ট ২০২০ তারিখ বিকাল ৫:০০টার মধ্যে	generalsection304@gmail.com	২০০০ শব্দের মধ্যে স্বহস্তে লিখে স্ক্যান কপি প্রেরণ করতে হবে
২	চিত্রাঙ্কন প্রতিযোগিতা	বঙ্গবন্ধু ও মুক্তি যুদ্ধ	ক- গ্রুপ: ১ম থেকে ৫ম শ্রেণি খ- গ্রুপ: ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি	১২ আগস্ট ২০২০ তারিখ বিকাল ৫:০০টার মধ্যে	generalsection304@gmail.com	আঁকা ছবি স্ক্যান করে প্রেরণ করতে হবে
৩	অনলাইন কুইজ প্রতিযোগিতা	অসমাপ্ত আত্মজীবনী	৯ম-১০ শ্রেণি	১২ আগস্ট ২০২০ তারিখ অনলাইনে অনুষ্ঠিত হবে।	www.sylhet.gov.bd - এ যথাসময়ে লিংক সংযুক্ত করা হবে।	

২। রচনা এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার চূড়ান্ত কপি পিডিএফ আকারে বর্ণিত ই-মেইল আইডিতে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। সকল কুইজ প্রতিযোগিতার রেজিস্ট্রেশন লিংক/ফরম জেলা প্রশাসন সিলেট এর ওয়েবসাইট লিংক www.sylhet.gov.bd এ 'প্রতিযোগিতা' শীর্ষক মেন্যুতে আপলোড করা হবে এবং ১০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অনলাইন কুইজ প্রতিযোগিতার ক্ষেত্রে কুইজ অংশগ্রহণের লিংক ১২ আগস্ট ২০২০ তারিখ বেলা ১২.০০ টায় রেজিস্ট্রেশনকৃত সকল ইমেইল এড্রেসে প্রেরণ করা হবে। প্রতিযোগিতা সম্পর্কিত পরবর্তী কোন নির্দেশনা থাকলে তা মোবাইলে স্কুদে বার্তার মাধ্যমে প্রেরণ/ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৩। এমতাবস্থায়, জেলা ও উপজেলা পর্যায়ের বিদ্যালয়সমূহে অবহিতকরণপূর্বক শিক্ষার্থীদের অংশগ্রহণ এবং রেজিস্ট্রেশন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

8-৮-২০২০

শারমিন সুলতানা

অতিরিক্ত জেলা প্রশাসক

ফোন: ৭১৪১২০

ইমেইল: adcg sylhet@mopa.gov.bd

বিতরণ :

- ১) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিলেট
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট
- ৩) জেলা কালচারাল অফিসার, কালচারাল অফিসার এর দপ্তর, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
- ৪) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমী, জেলা শিশু একাডেমী, সিলেট